দৈনিক বাংলা

তারিখ ... 13 JAN 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# নোয়াখালীতে মেডিক্যাল কলেজ চাই

নোয়াখালী বাংলাদেশের দক্ষিণাঞ্চলের একটি জনবহুল ও শিক্ষাক্ষেত্রে অগ্রসর এলাকা। এ এলাকার জনগণের দীর্ঘদিনের ও একটি ন্যায্য দাবী এখানে একটি পূর্ণাঙ্গ মেডিক্যাল স্থাপনের। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের উদ্যোগে নোয়াখালী মেডিক্যাল এসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল স্থাপন করা হয়েছিল। এত প্রতিষ্ঠানটিতে প্রায় তিন কোটি টাকার যন্ত্রপাতি রয়েছে। দৈনিক বাংলার সংবাদে জানা যায়, একজন অধ্যাপকসহ ৬৭ জন কর্মচারী বসে বসে বেতন পাচ্ছেন বছরের পর বছর। যন্ত্রপাতিগুলির কোন ব্যবহার নেই। ফলে এগুলি নষ্ট হতে চলেছে। ট্রেনিং স্কুলটিকে পূর্ণাঙ্গ মেডিক্যাল কলেজে রূপান্তরিত করা হলে কয়েক কোটি টাকা মূল্যের এ যন্ত্রপাতিগুলি কাজে লাগতো। এবং নোয়াখালীবাসী জনগণের দীর্ঘদিনের একটি দাবীও পূরণ হতো। তাছাড়া এতে নোয়াখালীর ছাত্রছাত্রীদের মেডিক্যালে পড়ার সুযোগ ছাড়াও এলাকার রুগ্ন মানুষের উন্নত চিকিৎসা গ্রহণের সুযোগ বৃদ্ধি পেতো। তাই নোয়াখালীতে একটি পূর্ণাঙ্গ মেডিক্যাল কলেজ স্থাপনের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে এ ব্যাপারে কার্যকর ব্যবস্থা আশু নেয়া হবে সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে এটাই প্রত্যাশা।

এস এম এ কাশেম
আমিরাবাদ হাজীবাড়ি,
আমিরাবাদ, বেগমগঞ্জ,
নোয়াখালী।